দৈনিক ইনকিলাব 70

তারিখ 29 OCT 1998

পৃষ্ঠা ২৮ কলাম ৩

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

# ৪৬৬ জন কর্মচারীর বেতন ৪ মাস বন্ধ থাকায় তীব্র ক্ষোভ

স্টাফ রিপোর্টার ঃ গতকাল (বুধবার) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর প্রাঙ্গণে বাংলাদেশ প্রাথমিক শিক্ষা সরকারী কর্মচারী ঐক্য ফোরামের এক সভায় উক্ত অধিদপ্তরের উন্নয়ন খাত হতে রাজস্ব খাতে স্থানান্তরিত ৪৬৬ জন কর্মকর্তা-কর্মচারীর বেতন-ভাতাদি ৪ মাস যাবত বন্ধ থাকায় তীব্র ক্ষোভ প্রকাশ করা হয় এবং বলা হয়, আগামী ১৫ নভেম্বরের মধ্যে উক্ত দাবী বাস্তবায়ন না করা হলে পরবর্তীতে আন্দোলনের কর্মসূচী ঘোষণা করা হবে। সভায় বাংলাদেশ প্রাথমিক শিক্ষা তৃতীয় শ্রেণীর কর্মচারী সমিতির সাধারণ সম্পাদক শাহাদাৎ হোসেন শহিদ, মজিবুল হক ভূঁইয়া, নূরুন্নবী (লোল) প্রমুখ বক্তৃতা করেন। আবুল বাশার সভায় সভাপতিত্ব করেন।